# ২০২৪

## বাংলা - মাইনর

### তৃতীয় সেমেস্টার

### পত্র ঃ MN-1

### [বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

### পূর্ণমান ঃ ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) চর্যাপদের আবিষ্কর্তা, প্রকাশকাল এবং প্রকাশনার নাম উল্লেখ করে, চর্যাপদে প্রতিফলিত সমকালীন বাংলার সমাজজীবনের পরিচয় দাও। ১+১+১+১২

*অথবা,*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির রচয়িতা কে? এটি কে আবিষ্কার করেন? কাব্যটির আবিষ্কারকাল উল্লেখ করে, বাংলা সাহিত্যের ইতিহাসে এই কাব্যের গুরুত্ব বিচার করো। ১+১+১+১২

২। (ক) বাংলা ভাষায় শ্রেষ্ঠ রামায়ণ অনুবাদক কে? তাঁর কাব্যের নাম কী? তাঁর আবির্ভাবকাল সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে, তাঁর কাব্যের বিশিষ্টতা সম্পর্কে লেখো। ১+১+৩+১০

*অথবা,*

(খ) কবি বিদ্যাপতির কবিপ্রতিভার মূল্যায়ন করো। ১৫

৩। (ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি হিসেবে মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব বিশ্লেষণ করো। ১৫

*অথবা,*

(খ) শাক্ত পদকার রামপ্রসাদ সেন-এর কবিপ্রতিভার পরিচয় দাও। ১৫

৪। (ক) বাংলা সাহিত্যের আদিপর্ব বলতে কী বোঝো? এই পর্বের কয়েকটি সাহিত্যিক নিদর্শনের নাম উল্লেখ করো। ২+৩

*অথবা,*

(খ) চর্যাপদের ভাষাকে 'সন্ধ্যাভাষা' বা 'সান্ধ্যভাষা' বলার কারণ কী? ৫

৫। (ক) **টীকা লেখো—** শ্রীকৃষ্ণবিজয়। ৫

*অথবা,*

(খ) **টীকা লেখো—** চৈতন্যভাগবত। ৫

৬। (ক) 'মনসামঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবির কবিপ্রতিভা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) দৌলত কাজীর কবিপ্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) চর্যাপদে কতজন কবির লেখা পদ রয়েছে?

(খ) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম লেখো।

(গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের মোট ক'টি খণ্ড?

(ঘ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের যে-কোনো একটি খণ্ডের নাম লেখো।

(ঙ) বিদ্যাপতির 'ভাবশিষ্য' কোন কবিকে বলা হয়?

(চ) বাংলা ভাষায় রচিত প্রথম চৈতন্যজীবনী গ্রন্থটির নাম লেখো।

(ছ) চৈতন্য পরবর্তী একজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

(জ) পরাগলী মহাভারত কার লেখা?

(ঝ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটির রচয়িতা কে?

(ঞ) ধর্মমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবির নাম লেখো।

(ট) ভারতচন্দ্র রচিত কাব্যটির নাম লেখো।

(ঠ) সৈয়দ আলাওল রচিত একটি কাব্যের নাম লেখো।

(ড) শাহ মহম্মদ সগীরের গ্রন্থটির নাম উল্লেখ করো।

(ঢ) শাক্ত পদকর্তা হিসেবে 'সাধক কবি' আখ্যা কাকে দেওয়া হয়?

(ণ) সুকুমার সেন রচিত বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক গ্রন্থটির নাম লেখো।

---